দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 16 2000 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৫ ......

35

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদ আওয়ামী ভিসি-প্রোভিসিকে অপসারণের দাবী করেছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ভিসি-প্রোভিসি হটাও আন্দোলনের অংশ হিসেবে সাধারণ ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদ গতকাল বিকেলে শহরের চকবাজারস্থ অলিয়ঁস ফ্রঁসেস চত্বরে ভিসি প্রফেসর আবদুল মান্নানের কুশপুত্তলিকা দাহ করেছে। অন্যাদিকে একই কর্মসূচীর অংশ হিসেবে সর্বদলীয় ছাত্রঐক্য চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কে সকাল ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত হরতাল পালন করেছে।

খুন, সন্ত্রাসে পৃষ্ঠপোষকতা ও রাজনৈতিক ভূমিকায় অবতীর্ণ হওয়ার দায়ে চট্টগ্রাম ভার্সিটির ভিসি-প্রোভিসি হটাও আন্দোলন চলছে। গতকাল ভিসির কুশপুত্তলিকা দাহকালে সাধারণ ছাত্রছাত্রী পরিষদের আহবায়ক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আবু সাদাত সায়েম, মাহবুব উল্লাহ, এনামুল হক, কামরুজ্জামান, আবুল হাসেম বক্তব্য রাখেন। বক্তাগণ এই ভিসি-প্রোভিসিকে অপসারণ করে ক্যাম্পাস সচল করার দাবী জানান।

অন্যাদিকে গতকাল হরতাল চলাকালে ভার্সিটির ২ নম্বর গেটে সর্বদলীয় ছাত্রঐক্যের সমাবেশ আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সেখানে ছাত্রদলের মোঃ সেলিম, সুজাউদ্দিন, শিবিরের আলাউদ্দিন শিকদার, দিদার মজুমদারসহ ঐক্যবদ্ধ ছাত্র নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। তারা বলেন, এই আওয়ামী ভিসি-প্রোভিসিকে অপসারণ না করা হলে ক্যাম্পাস সচল হবে না।

## চট্টগ্রামে সর্বদলীয় ছাত্রঐক্য নেতাকে গ্রেফতার করায় প্রতিবাদ সবাবেশ

চট্টগ্রাম ব্যুরো ঃ হরতালের প্রথম দিনে গতকাল (মঙ্গলবার) চট্টগ্রাম মহানগর পুলিশ পাঁচলাইশ এলাকা থেকে সর্বদলীয় ছাত্রঐক্য নেতা ও নগর জাতীয় ছাত্র সমাজের যুগ্ম সম্পাদক মোঃ ফিরোজ কবিরকে গ্রেফতার করেছে। এর প্রতিবাদে থানা ছাত্র সমাজের এক প্রতিবাদ সমাবেশ অক্সিজেন চত্বরে রুকনউদ্দৌলা সোহেলের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ছাত্র সমাজ নেতা জসিম উদ্দীন, ছাত্রদল নেতা শেখ আহসান উল্লাহ, ছাত্রনেতা নূরুল কবীর স্বপন, অসীম মহন্ত, মোঃ ইলিয়াছ প্রমুখ। বক্তারা পুলিশী হামলা ও গ্রেফতারের নিন্দা জানান।